



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

২৩ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ

০৬ মার্চ, ২০২৪ খ্রি:


-: আন্তর্জাতিক নারী দিবস-২০২৪ উদযাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি :-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে আগামী ১১ মার্চ, ২০২৪ খ্রি:, সোমবার নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে।

ক্রমিক	অনুষ্ঠানের নাম	স্থান	সময়
১.	র্যালি	প্রধান প্রশাসনিক ভবনের সামনে থেকে	বেলা ১১:০০ ঘটিকা
২.	আলোচনা সভা	একাডেমিক কাউন্সিল কক্ষ	বেলা ১১:১৫ ঘটিকা

“নারীর সমঅধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ” প্রতিপাদ্যে আয়োজিত অনুষ্ঠানমালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জানিয়েছেন মাননীয় সংসদ সদস্য (মহিলা আসন-৪৬) জনাব দিলোয়ারা ইউসুফ মহোদয়। গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জানিয়েছেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম মহোদয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. জামাল উদ্দীন আহাম্মদ মহোদয়, রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির মহোদয় এবং ছাত্রকল্যাণ অধিদপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো: রেজাউল করিম মহোদয়।

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল ডীন, ইনস্টিটিউট পরিচালক, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধান, পরিচালক, প্রভোস্টসহ সকল নারী শিক্ষক, নারী কর্মকর্তা, নারী কর্মচারী এবং ছাত্রীদেরকে অনুষ্ঠানমালায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে।


০৬.০৬.২৪

(অধ্যাপক ড. মোসা: রোকসানা খাতুন)


আব্বাসাবাদ, অভিযোগ কমিটি

(উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়নমূলক কার্যকলাপ কঠোরভাবে দমনের লক্ষ্যে)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সিনিয়রিটির ভিত্তিতে নহে):

- ১। সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার চেয়ারম্যান/ প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট (ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি প্রচারের নিমিত্তে ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৩। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লেখিত সময়সূচী অনুযায়ী একাডেমিক কাউন্সিল কক্ষে সাউন্ড সিস্টেম এবং বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। সভাপতি, শিক্ষক সমিতি/কর্মকর্তা সমিতি/কর্মচারী সমিতি/স্টাফ ওয়েলফেয়ার কমিটি/ চুয়েট ক্লাব/ কর্মচারী ক্লাব, চুয়েট।
- ৫। উপ-পরিচালক (জনসংযোগ), চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৬। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর (উপ-উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৭। সংরক্ষণ নথি।


০৬.০৩.২৪
(ফরহাত জামিলা)

সদস্য সচিব, অভিযোগ কমিটি

(উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়নমূলক কার্যকলাপ কঠোরভাবে দমনের লক্ষ্যে)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।